

# ২য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

তারিখ : ০৪-১০-২০২৪ইং

স্থানঃ স্কুলে অডিটোরিয়াম প্রাঙ্গনে

সূত্র : (২০২৪-২০২৭) সসভা/০০২

উপস্থাপনা : মোহাম্মদ রফিউল করিম

কোরআন তেলোয়াত : ১৯৭৯ মুফিত মোঃ ইসহাক

## ১. মহাসচিব (১৯৮৮) আসলাম পারভেজ মিঠু।

- প্রথমেই ১ম সাধারণ সভার কার্যবিবরণি পাঠ করে শোনান।

## ২. (১৯৭২) ড. মোহাম্মদ সামসুজ্জামান

- সংবিধান প্রয়োজনে সংশোধন হতেই পারে। সংশোধনের পদ্ধতি কি তা সংবিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সংবিধানে আছে কার্যনির্বাহী কমিটির ক্ষমতা আছে শূন্য পদ পূরণ করার।
- কার্যকারী কমিটি ও সাব কমিটি তে যারা আসনে তাদের সবাই কে নিজ নিজ দায়িত্ব পালন করবে এবং ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানটি কে স্বার্থক করতে যা যা করা লাগে সব কিছুই করবেন।
- ১৫০ বছর পূর্তি রেজিস্ট্রেশন কিভাবে হবে। অফিসে বসে রেজিস্ট্রেশন করা যাবে কিনা। করা গেলে কবে থেকে চালু হবে তা জানানো প্রয়োজন। এবং রেজিস্ট্রেশনের জন্য কি কি প্রয়োজন তা জানানো।

## ৩. ১৯৭৩ মোঃ শওকত আলী

- বৃষ্টি মধ্যেও অনেকেই উপস্থিত হয়েছেন এই জন্য সবাইকে ধন্যবাদ জানান।
- শূন্য পদ পূরণের জন্য নির্বাচন অথবা সিলেকশন এর মাধ্যমে করা প্রয়োজন।
- সাদর্শত বছর পূর্তি উপলক্ষে সারা বছর বিভিন্ন অনুষ্ঠান উদযাপন করার পরিকল্পনা ছিল কিন্তু দেশের বর্তমান পরিস্থিতির কারণে সেটা সম্ভব হয়নি।
- যে টুকু সময় আছে সে সময় টাকে আমাদের সবাইকে কাজে লাগাতে হবে।
- দ্রুত সাব কমিটি করে ১৫০ বছরের কাজ শুরু করা উচিত।

## ১৯৮৫ মোঃ মাসুদ রেজা

- রেজিস্ট্রেশনের জন্য ২০০০ টাকা খুব একটি বেশি না। আসা করেন সবাই পারবে।
- সাদর্শত বছর পূর্তি উপলক্ষে সারা বছর বিভিন্ন অনুষ্ঠান উদযাপন করার পরিকল্পনা ছিল কিন্তু দেশের বর্তমান পরিস্থিতির কারণে সেটা সম্ভব হয়নি।
- সকলের সহযোগিতায় ১৫০ বছর অনুষ্ঠান সফল হবে ইনশাআল্লাহ।

## ২য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

### ১৯৭৯ মুফতি মোঃ ইসহাক

- প্রথমেই অ্যালামনাই এসোসিয়েশনের আর্থিক বিবরণী পেস করেন।
- বিস্তারিত জানতে চাইলে অফিসে গিয়ে জানার কথা বলেন।
- সবার কাছে অনুরোধ করেন বাৎসরিক চাঁদা পরিশোধ করার জন্য।

মহাসচিব আসলাম পারভেজ মিঠুর হাতে এসোসিয়েশনের কাজের স্বার্থে এসোসিয়েশনকে একটি মোবাইল ফোন এবং দুইটি সিম কার্ড উপহার করেন সভাপতি কাজী মোঃ রহমতউল্লাহ।

### মহাসচিব (১৯৮৮) আসলাম পারভেজ মিঠু।

- সংবিধান সংশোধন টি পাঠ করে শোনান।
- সবাইকে ১৫০ বছর রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করে।

### (১৯৯৩) মোহাম্মদ শহিদুল্লাহ মিয়া

- ১৫০ বছর অনুষ্ঠানে প্রাক্তন শিক্ষক জন্য বিশেষ ভাবে সম্মানিত করা যায় তা নিয়ে পরিকল্পনা করা উচিত।

### মাহবুব রাশেদ রুবেল (১৯৮৮)

- ১৫০ বছর পূর্তি অনুষ্ঠান উপলক্ষে ১৬টি উপকমিটি করা হয়েছে।
- সকল কমিটি একজন করে কমিটির প্রধান করে এবং প্রতিটি কমিটি তে একজন করে নির্বাহী সদস্য রাখা হয়েছে। উপকমিটির প্রধান দের নাম ঘোষণা করেন।
- সাধারণ কমিটি হতে উপকমিটিতে আসবে তাদের নাম সংযুক্তি করার জন্য সভাপতি কে অনুরোধ করেন।
- সকল সহযোগীতায় তিনি এবং মহাসচিব আসলাম পারভেজ মিঠু পাশে থাকবে বলে জানান।

## ২য় সাধারণ সভার আলোচনা এবং সিদ্ধান্ত সমূহ

### এমদাদ-উল-হক (১৯৮৩)

- এসোসিয়েশনের ফান্ড এর জন্য আমাদের সবার অংশগ্রহণ করতে হবে। এজন্য শুধু ফান্ড কিন বা ২০০০ টাকা করে দিব এটা না। আমরা ৮৯৯ জন সদস্য প্রতি মাস ৫০ টাকা করে দিলেও এটা অনেক বড় ফান্ড হবে। সভাপতির কাছে একটি ঘোষণা দেওয়া জন্য অনুরোধ করছেন।
- আমাদের অবশ্যই এসোসিয়েশনের ফান্ড দরকার।
- প্রতিটা ব্যাচের একজন করে দায়িত্ব দেওয়া হোক সে প্রতি মাস তার ব্যাচ থেকে ফান্ড কলেকশন করে দিবে।

### সভাপতি ১৯৮৩ কাজী মোহাম্মদ রহমতউল্লাহ

- সবাইকে ধন্যবাদ যানান সভায় উপস্থিত থেকে সভাকে সাফল্য মন্ডিত করার জন্য।
- ক্রিকেট টুর্নামেন্ট এর উদ্বোধন হওয়ার কথা ছিল বৈরী আবহাওয়া কারণে তা সম্ভব হয়নি। আগামী ১১-১০-২০২৪ইং তারিখ শুক্রবার উদ্বোধন হবে। সবাই কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন।
- সংবিধান সংশোধনে আলোচনা একদিনে হয়নি। গত ২-৩ টি কার্যনির্বাহী কমিটির মিটিং এ বসে বোর্ড থেকে সংবিধান সংশোধন, শূন্য পদ পূরণ ও অন্যান্য বিষয়ে গুলো পাস করেন। আজকে সাধারণ সভায় সকলে সম্মতিক্রমে সংশোধিত সংবিধানটি অনুমোদন করার জন্য সবাইকে ধন্যবাদ জানানো হয়।
- ১৫০ বছরে রেজিস্ট্রেশন করার জন্য আমরা সবাই বড় ভাইদের কিনবা ছোট ভাইদের অনুরোধ করতে পারি। কিন্তু চাপ দিবে পারি না। সবাই সবার ব্যাচে চাপ দিতে পারি। তাই সবার কাছে অনুরোধ সবার ব্যাচে বন্ধুদের ১৫০ বছরে রেজিস্ট্রেশন করার বলতে পারি।
- পরিশেষে সকল অনেক কষ্ট করে দূর-দূরান্ত থেকে অ্যালামনাই এসোসিয়েশন এর ভালবাসার টানে এসেছেন তার জন্য সকল সদস্য ভাইদেরকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য এখানেই শেষ এবং সভা সমাপ্তি ঘোষণা করছি।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ  
সভাপতি  
অ্যালামনাই এসোসিয়েশন  
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু

আসলাম পারভেজ মিঠু  
মহাসচিব  
অ্যালামনাই এসোসিয়েশন  
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল